অগ্রণী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।

নির্দেশ পরিপত্র নং ঃ এএমডি/৬৮/১৮	তারিখঃ ০৩/০৬/২০১৮

সকল সার্কেল প্রধান/ কর্পোরেট শাখার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক
সকল অঞ্চল প্রধান (উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক)
অগ্রণী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয়ঃ পরিচালনা পর্ষদের অডিট কমিটির সিদ্ধান্তের আলোকে অত্র ব্যাংকের Internal Control and Compliance নিশ্চিতকরণের লক্ষ্যে শাখা পর্যায়ে সার্বিক ব্যাংকিং কর্মকান্ড পরিচালনা ও তদারকিকরণের নিমিত্তে সার্কেল প্রধান, কর্পোরেট শাখার দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধানগণ কর্তৃক শাখা পরিদর্শন ও রিপোর্টিং প্রসঙ্গে।

সার্কেল প্রধান, কর্পোরেট শাখার দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধানগণ কর্তৃক শাখা পরিদর্শনের সময় কার্যকরী ও নিবীড় তদারকির মাধ্যমে শাখা পর্যায়ে জাল-জালিয়াতি ও সকল প্রকার অনিয়ম রোধ কল্পে নির্দেশ পরিপত্র নং ঃ এএমডি/১৩২/১৭ তারিখঃ ১৭ /১০/২০১৭ইং জারি করা হলেও তা যথাযথভাবে পরিপালন না হওয়ায় ব্যাংকের পরিচালনা পরিষদের অডিট কমিটিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ গভীরভাবে অসন্তোষ প্রকাশ করেছেন।

অডিট কমিটির সিদ্ধান্তের আলোকে সার্কেলপ্রধান/ কর্পোরেট শাখার দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপকগণ এর ক্ষেত্রে পরিপালন এবং রিপোর্টিং এর সুবিধার্থে পূর্বোক্ত নির্দেশ আংশিক সংশোধন করত: নির্দেশ পরিপত্র নং ঃ এএমডি/১৩২/১৭ তারিখঃ ১৭ /১০/২০১৭ইং এর পরিবর্তে নিম্নোক্ত পরিপূর্ণ নির্দেশনা প্রদান করা হলো:

নির্বাহী	শাখা পরিদর্শন কার্যক্রম	প্রতিবেদন দাখিল/রিপোর্টিং	তাৎক্ষনিক গৃহীতব্য কার্যক্রম
অঞ্চল প্রধান	১। শহরাঞ্চলে অবস্থিত প্রতিটি শাখা মাসে ১ বার পরিদর্শন করতে হবে। ২। অঞ্চলাধীন এক-তৃতীয়াংশ শাখা প্রতিমাসে অন্তত ১ বার পরিদর্শন করতে হবে-অর্থাৎ প্রতি ত্রৈমাসিকে অঞ্চলাধীন সকল শাখা অন্তত ১ বার পরিদর্শন করতে হবে।	অঞ্চল প্রধানগণ কর্তৃক তাদের পরিদর্শন প্রতিবেদনের মূলকপি পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সার্কেল প্রধানের বরাবরে প্রেরণ করতে হবে। (জাল/জালিয়াতি এর তথ্য ব্যতীত অঞ্চল প্রধানগণ ICC তে কোন প্রতিবেদন প্রেরণ করবেন না।)	অঞ্চল প্রধান কর্তৃক পরিদর্শনের সময় তাঁদের কর্তৃক শাখায় কোন ধরনের গুরুতর অনিয়ম বা জাল/জালিয়াতির ঘটনা উৎঘাটিত হলে/সনাক্ত হলে/ধরা পড়লে তাৎক্ষণিকভাবে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করবেন। একই সাথে সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/সার্কেল প্রধান এবং হেড অব আইসিসিকে অবহিত করবেন।
সার্কেলপ্রধান/ কর্পোরেট শাখার দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপক	১। প্রতি ২ মাসে অন্তত ১ বার কর্পোরেট শাখাসমূহ পরিদর্শন করতে হবে। ২। প্রতি ৩ মাসে অন্তত ১ বার আঞ্চলিক কার্যালয়সমূহ পরিদর্শন করতে হবে। ৩। নন-কর্পোরেট শাখাসমূহ মাসে ২ টি বা তদুর্দ্ধ পরিদর্শন করতে হবে।	১। সার্কেল প্রধান/ কর্পোরেট শাখার দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপকগণ কর্তৃক স্ব স্ব পরিদর্শন প্রতিবেদন (Annexure-01) এবং সার্কেলের ক্ষেত্রে তাঁদের অধীনস্থ অঞ্চল প্রধানদের নিকট থেকে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন এর সারাংশ সংযুক্ত ছক (শাখা পরিদর্শন প্রতিবেদন এর সারাংশ) অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের হেড অব আইসিসি এর নিকট দাখিল করতে হবে যার কপি সংশ্লিষ্ট উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট প্রেরন করতে হবে। ২। হেড অব আইসিসি প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত প্রতিবেদনের সারসংক্ষেপ পরিচালনা পর্ষদের অডিট কমিটিতে পেশ করবেন।	সার্কেল প্রধান/কর্পোরেট শাখার দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপকগণ কর্তৃক পরিদর্শনের সময় তাঁদের কর্তৃক শাখায় কোন ধরনের গুরুতর অনিয়ম বা জাল/জালিয়াতির ঘটনা উৎঘাটিত হলে/সনাক্ত হলে/ধরা পড়লে তাৎক্ষণিকভাবে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করবেন। একই সাথে সংশ্লিষ্ট উপ-ব্যবস্থাপনা পরিচালক এবং হেড অব আইসিসিকে অবহিত করবেন।

[বি:দ্র:পূর্বোক্ত নির্দেশ পরিপত্র নং ঃ এএমডি/১৩২/১৭ তারিখঃ ১৭ /১০/২০১৭ইং ইতোপূর্বে যে সকল প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে সে সকল ক্ষেত্রে উক্ত নির্দেশ পরিপত্রের পরিবর্তে অত্র নির্দেশ পরিপত্র ব্যবহৃত হবে।]

অগ্রণী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।

নির্দেশ পরিপত্র নং ঃ এএমডি/৬৮/১৮	তারিখঃ ০৩/০৬/২০১৮

বিষয়ঃ পরিচালনা পর্ষদের অডিট কমিটির সিদ্ধান্তের আলোকে অত্র ব্যাংকের **Internal Control and Compliance** নিশ্চিতকরণের লক্ষ্যে শাখা পর্যায়ে সার্বিক ব্যাংকিং কর্মকান্ড পরিচালনা ও তদারকিকরণের নিমিত্তে সার্কেল প্রধান, কর্পোরেট শাখার দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধানগণ কর্তৃক শাখা পরিদর্শন ও রিপোর্টিং প্রসঙ্গে।

উল্লেক্ষ্য, চলতি বছরের জানুয়ারী-জুন/২০১৮ মাসের শাখা পরিদর্শন প্রতিবেদনের সারাংশ একত্রে জুলাই/২০১৮ মাসের ১৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের হেড অব আইসিসি এর নিকট দাখিল করতে হবে এবং পরবর্তীতে নিয়মিতভাবে ত্রৈমাস ভিত্তিতে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায় অত্র নির্দেশনা সকল সার্কেল প্রধানগণ/ কর্পোরেট শাখার দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপকগণ এবং অঞ্চল প্রধানগন কর্তৃক যথাযথভাবে পরিপালনের জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো যা অডিট কমিটির পুনরায় নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

সংযুক্তিঃ- ক) শাখা পরিদর্শন প্রতিবেদন (Annexure-01)।
খ) শাখা পরিদর্শন প্রতিবেদন এর সারাংশ।

03/06/2018

(হোসাইন ঈমান আকন্দ)
উপ-মহাব্যবস্থাপক

03/06/2018

(মোঃ মনোয়ার হোসেন, এফসিএ)
মহাব্যবস্থাপক ও হেড অব আইসিসি

বিতরণঃ
১) ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
২) সকল উপ- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) উপ-মহাব্যবস্থাপক ও পরিচালক, এইচআর ট্রেনিং, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।